

খেলা

১৯ সেকেন্ডে গোল হজম করেও জিতল নেইমারের সান্তোস

প্রতিবেদক: স্পোর্টস ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

ম্যাচ শুরুর বাঁশি বাজার মাত্র ১৯ সেকেন্ডের মাথায় রক্ষণের মারাত্মক ভুলে গোল হজম করে বসে দল। তবে প্রথমার্ধের সেই শুরুর ধাক্কা সামলে নিয়ে কোপা সুদামেরিকানার প্লে-অফের দ্বিতীয় লেগে দারুণ এক জয় তুলে নিয়েছে ব্রাজিলের ঐতিহ্যবাহী ক্লাব সান্তোস। ভেনিজুয়েলার দল ইউনিভার্সিডাদ সেন্ট্রালকে ৪-২ ব্যবধানে হারিয়েছে তারা।

দুই লেগ মিলে ৮-৩ ব্যবধানে জিতে কোপা সুদামেরিকানার শেষ ১৬-তে জায়গা করে নিয়েছে সান্তোস। কোয়ার্টার ফাইনালে ওঠার লড়াইয়ে পরবর্তী রাউন্ডে তারা ইকুয়েডরের ক্লাব মাকারা-র মুখোমুখি হবে।

ভিলা বেলমিরো স্টেডিয়ামে ম্যাচের একদম শুরুতেই ভয়াবহে ভুলে যায় সান্তোস। মাত্র ১৯ সেকেন্ডে ডিফেন্ডার অ্যাডোনিস ফ্রিয়াসের ব্যাক পাস ভুল করে গিয়ে পড়ে ইউনিভার্সিডাদ সেন্ট্রালের সামুয়েল সোসার পায়ের কাছে। সান্তোস গোলরক্ষক গ্যাব্রিয়েল ব্রাজাওকে বোকা বানিয়ে

দারুণ চিপ শটে সফরকারীদের ১-০ গোলে এগিয়ে দেন সোসা।

শুরুর ধাক্কা সামলে উঠে প্রথমার্ধেই খেলায় সমতা ফেরায় সান্তোস। একক প্রচেষ্টায় গোল করে দলকে ১-১ সমতায় ফেরান বলিভিয়ান মিডফিল্ডার মিগুয়েলিতো।

প্রথমার্ধে প্রধান তারকাদের ছাড়া একাদশ নামালেও দ্বিতীয়ার্ধে বেশ কিছু পরিবর্তন এনে খেলার গতি বাড়ায় সান্তোস। একের পর এক আক্রমণে কোণঠাসা হয়ে পড়ে ইউনিভার্সিটি সেন্ট্রাল।

গ্যাব্রিয়েল বনতেম্পোর পাসে চমৎকার ফিনিশিংয়ে সান্তোসকে ২-১ ব্যবধানে এগিয়ে দেন গ্যাব্রিয়েল বারবোসা। আর ম্যাচের ৬৫তম মিনিটে বারবোসার একটি শট ক্রসবারে লেগে ফেরত আসলে ফিরতি বলে ব্যবধান ৩-১ করেন গ্যাব্রিয়েল মেনিনো।

ম্যাচের শেষদিকে ইউনিভার্সিটি সেন্ট্রালের মতেস এক গোল শোধ করে খেলায় ফেরার চেষ্টা চালায় ইউনিভার্সিটি সেন্ট্রাল। ৭২তম মিনিটে ব্যবধান ৩-২ করেন গঞ্জালো মোতেস। কিন্তু শেষ মুহূর্তে গ্যাব্রিয়েল বনতেম্পোর বাড়ানো বল ধরে সান্তোসের হয়ে চতুর্থ গোলটি করেন রনি। ফলে ৪-২ গোলের বড় জয় নিশ্চিত হয় সান্তোসের।

ম্যাচের প্রথমার্ধে মাঠে দেখা যায়নি নেইমারকে। দ্বিতীয়ার্ধে তাকে বদলি হিসেবে মাঠে নামায় কোচ। কিন্তু দল জিতলেও মাঠে খুব একটা প্রভাব ফেলতে পারেননি নেন নেইমার। ম্যাচে কোনো গোল করতে পারতে পারেননি তিনি, ছিল না কোনো অ্যাসিস্টও।

এ বিভাগের আরও খবর



শ্রীলঙ্কার কাছে হেরে রোজও খোয়াল বাংলাদেশ
স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ানে গেমসে খেলতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটন দাস। তবে সেই স্বপ্ন তো পূরণ হয়ইনি, এমন...



এশিয়ান গেমসে আফগানিস্তানকে হারাল নেপাল

এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেটে আফগানিস্তানকে ৫ উইকেটে হারিয়েছে নেপাল। শুক্রবার জাপানের নিশিনে অনুষ্ঠিত ম্যাচে ১০৩ রানের লক্ষ্য তারা ছুঁয়ে ফ...



ব্যালন ডি'অর জয়ী ফুটবলারকে নির্বাচন করা হয় যেভাবে

চলতি বছরের ব্যালন ডি'অর কার হাতে উঠবে, তা নিয়ে ফুটবলবিশ্বে চলছে নানা আলোচনা। পুরস্কার ঘোষণার সময় যত ঘনিষ্ঠে আসছে, ততই সামনে আসছে একটি পুরোনো প...



নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ

নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্যা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/sports/19-sekende-gol-hjm-kreo-jitl-neimarar-santos>